নিখোঁজের ৭ দিন পর কৃষকের মরদেহ মিলল বাড়ির পাশের ডোবায়

ঝিনাইদহের শৈলকুপায় নিখোঁজের ৭ দিন পর পাড়ির পাশের একটি ডোবার কাদার নিচ থেকে উদ্ধার করা হয়েছে রিপন (২৮) নামের কৃষকের মরদেহ।

বুধবার ভোরে পরিবারের সদস্যরা ডোবার কাদার উপরে একটি হাত দেখতে পায় এরপর তারা সনাক্ত করে কৃষক রিপনের মরদেহ।

রিপন ঝিনাইদহের শৈলকুপার ১২ নং নিত্যানন্দনপুর ইউনিয়নের চর রুপদহ গ্রামের মৃত আব্দুল বারিক বিশ^◌াসের ছেলে।

এ ঘটনায় শৈলকুপা থানায় পরিবারের পক্ষ থেকে একটি জিডি করা হয়েছিল। তবে এ ঘটনায় তার মেজো ভাই নান্নু পলাতক রয়েছে বলে জানান পুলিশ।

উপজেলার পদ্মনগর গ্রামের নজরুল ইসলাম জানান, তার শ্যালক রিপন দীর্ঘদিন মালেয়েশিয়া প্রবাসি ছিলেন। গত দেড় বছর আগে সে বাড়ি ফেরে। বাড়ি ফিরে সে নিজ জমিতে কৃষি কাজে নিয়োজিত হয়।

গত ৯ই ডিসেম্বর বুধবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে বাড়ির পাশ^বর্তী পূর্ব মাঠে জমিতে কেটে রাখা ধান পাহাড়া দিতে যায়। এরপর সে আর বাড়ি ফিরে আসেনি। ঘটনাটি জানাজানি হলে তার জমি থেকে রিপনের ব্যবহৃত মোবাইল ও গায়ের চাদর উদ্ধার করে স্বজনরা।

এরপর আজ বুধবার ভোরে নিখোঁজের ৭ দিন পর ডোবায় কাদা চাপা অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হলো।

শৈলকুপা থানার ওসি(তদন্ত) মহসিন হোসেন জানান, শৈলকুপার চর রুপদহ গ্রামে রিপন নামের এক কৃষকের মরদেহ উদ্ধার করা হয়েছে।

আমঝুপিতে ৪৯তম মহান বিজয় দিবস

পালিত

মেহেরপুর সদর উপজেলাধীন আমঝুপি ইউনিয়নের আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে পতাকা উত্তলোন করেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহমেদ (চুন্নু), ইউনিয়ন আওয়মী লীগের কৃষক লীগের আহবায়ক মহাবুল হক।

আরো উপস্থিত ছিলেন জাকের হোসেন টরি, মোঃ ফারুক, আলহাজ্ব আব্দুল জলিল, মুক্তিযোদ্ধা হকছদ্দিন, খাইরুলজামান টুটুল, জহুরুল ইসলাম খাঁন, প্রফেসর সাইদুর রহমান, নজরুল ইসলাম ভরসা। তারা পতাকা উত্তলোনের পর দলীয় কার্যালয় থেকে র্যালি নিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানের নিমিত্তে শহীদ মিনারে পুষ্পঅর্পন করেন।

আমঝুপি ইলেক্ট্রিক সমিতির পক্ষ থেকে মহান বিজয় দিবস উপলক্ষ্যে শহীদদের প্রতি শ্রদ্ধানিবেদন কেও পুষ্পঅর্পন করেন এবং পুষ্পঅর্পন শেষে র্যালি করেন।

আর এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আমঝুপি ইলেক্ট্রিক সমিতির সভাপতি নজরুল ইসলাম, সহ-সভাপতি মন্টু, সেক্রেটারী আক্তারুজ্জামান, ক্যাশিয়ার জামাল উদ্দীন, আরো উপস্থিত ছিলেন সংগঠনের সদস্য গণ হেলাল, পুটু, মহর, রাজা, মিন্টু, আজিম, রিপন।

আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তলোন করেন প্রধান শিক্ষক আহামদ আলী, সহকারী প্রধান শিক্ষক হাসান মোঃ কামরুদ্দোজা, সহকারী শিক্ষক মোঃ শরিফ উদ্দীন, সহকারী শিক্ষক রাসেল আহমেদ, আতিকুর রহমান, মোঃ মাহফুজ আলম (জুহিন), মোঃ সাজিদুর রহমান।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতীয় পতকা উত্তলোন করেন প্রধান শিক্ষক সহিদুল ইসলাম এবং স্কুলের ছাত্রীদের নিয়ে শহীদদের স্মরণে জাতীয় সংগীত গান ও শহীদদের আত্মার মাগফিরাতের জন্য দোয়া করা হয় এবং জাতীয় সংগীতের নেতৃত্ব দেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, মোঃ আসাদুল ইসলাম,

মোঃ রাফিউল ইসলাম, বশির আহমেদ, হাবিবুর রহমান, নার্গিস চৌধুরী, সাহনাজ।

আমঝুপি বিএডিসি থেকে জাতীয় পতাকা উত্তলোন করেন উপ-পরিচালক জিয়াউ ররহমান, উপ-পরিচালক আব্দুল্লাহ আল মামুন, আবু তাহের সর্দার (সহকারী পরিচালক), নাহিদ হোসেন (এডি), আনিসুররহমান (ডিএডি)।

আমঝুপি আলিম মাদ্রাসায় পতাকা উত্তলন করেন অধ্যক্ষ মাহাবুব উল আলম, সহকারি শিক্ষক মোঃ আলামিন হোসেন, মোঃ লাল্টু, সফিকুল ইসলাম।

আমঝুপি গন্ধরাজপুর পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় মহান বিজয় দিবস উপলক্ষে সারাদিন ব্যাপি খেলা ধুলার আয়োজন করেন ও সকাল ৬.৩০ মিনিট এ পতাকা উত্তলন করেন প্রধান শিক্ষক মোঃ কিতাব আলী, সহকারি শিক্ষক আলাউদ্দিন।

আজ মহান বিজয় দিবস

আজ মহান বিজয় দিবস। বাঙালি জাতির হাজার বছরের শৌর্যবীর্য এবং বীরত্বের এক অবিস্মরণীয় দিন। বীরের জাতি হিসেবে আত্মপ্রকাশ করার দিন। পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামে একটি স্বাধীন ভূখন্ডের নাম জানান দেওয়ার দিন। জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের পর ১৯৭১ সালের এই দিনে বিকেলে রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে) হানাদার পাকিস্তানি বাহিনী যৌথ বাহিনীর কাছে আত্মসমর্পণ করে। বিশ্বের মানচিত্রে অভ্যুদয় ঘটে নতুন রাষ্ট্র বাংলাদেশের।

তবে এক দিনেই আমরা বিজয় অর্জন করিনি। এর পেছনে রয়েছে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী লড়াই। যে লড়াইয়ে লাখো প্রাণের বিনিময়ে ১৯৭১ সালের আজকের দিনে অর্জিত হয় আমাদের স্বাধীনতা। জাতি আজ গভীর শ্রদ্ধা আর ভালোবাসার সঙ্গে স্মরণ করবে সেইসব শহীদদের যাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের প্রিয় স্বাধীনতা।

স্মরণ করবে সেইসব বীর সেনানীদের যারা শোষণ বঞ্চনার অবসান ঘটিয়ে

অনাগত ভবিষ্যত প্রজন্মের জন্য একটি দেশ উপহার দিয়েছেন। যেসব নর-নারীর সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে আমরা আজ স্বাধীন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সম্মান জানানো হবে। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য রাষ্ট্রীয়ভাবে বিভিন্ন কর্মসূচি উদযাপনের সর্বাত্মক প্রস্ততি নেওয়া হয়েছে।

১৯৭০ সালের নির্বাচনের জনগণের রায়ের প্রতি শ্রদ্ধা না দেখিয়ে পাকিস্তানিরা ষড়যন্ত্রের আশ্রয় নেয় ক্ষমতা কুক্ষিগত করে রাখার জন্য। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে নিরঙ্কুশ বিজয় লাভকারী আওয়ামী লীগের হাতে ক্ষমতা তুলে দিতে টালবাহানা শুরু করে শাসকগোষ্ঠী। ফলে ক্ষোভে বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে তৎকালীন পূর্ব পাকিস্তান। একাত্তরের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ ‘এবারের সংগ্রাম, মুক্তির সংগ্রাম। এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম’ জনগণের স্বাধীনতার স্পৃহাকে প্রবল করে তোলে।

ঢাকা যখন অগ্নিগর্ভ, তখন পাকিস্তানি শাসকচক্র আমাদের মুক্তির স্পৃহাকে দমনের পথ বেছে নেয়। রাতের অন্ধকারে নির্বিচারে নিরস্ত্র মানুষ হত্যার মাধ্যমে জন্ম দিল ২৫ মার্চের কালরাত্রি। এরপরই চূড়ান্ত হয়ে যায় আমাদের পৃথক পথচলার যাত্রা। ওদের সঙ্গে আর নয়। ২৬ মার্চ থেকে শুরু হলো চূড়ান্ত লড়াই। দীর্ঘ ৯ মাস মুক্তি সংগ্রামের পর পরাজয় মেনে নেয় পাকিস্তান সেনাবাহিনী।

কর্মসূচি :
ঢাকায় ভোরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির সূচনা করা হবে। তবে করোনা মহামারির জন্য এবারের সব আয়োজন কিছুটা নিয়ন্ত্রিত। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে বলে জানা গেছে। এরপর মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রীর নেতৃত্বে বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধাগণ পুষ্পস্তবক অর্পণ করবেন। এছাড়া বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনসহ সর্বস্তরের জনগণ পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানাবেন।

বিজয় দিবস সরকারি ছুটির দিন। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। রাজধানীসহ দেশের বড় শহরগুলোর প্রধান সড়ক ও সড়কদ্বীপ জাতীয় পতাকায় সজ্জিত করা হবে। গুরুত্বপূর্ণ ভবন ও

স্থাপনায় করা হয়েছে আলোকসজ্জা। হাসপাতাল, কারাগার ও এতিমখানাগুলোতে উন্নতমানের খাবার পরিবেশন করা হবে। সংবাদপত্র বিশেষ সংখ্যা প্রকাশ করবে, বেতার ও টিভি চ্যানেলগুলো সম্প্রচার করবে বিশেষ অনুষ্ঠানমালা।

আওয়ামী লীগ’র কর্মসূচি :
আওয়ামী লীগের কর্মসূচির মধ্য রয়েছে, ভোরে কেন্দ্রীয় কার্যালয়, বঙ্গবন্ধু ভবন ও দেশব্যাপী সংগঠনের কার্যালয়ে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন। সকাল ৯ টায় সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য নিবেদন। ১০টায় ধানমন্ডির বঙ্গবন্ধু ভবনের সামনে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন। সকাল সাড়ে ৯টায় টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন, জিয়ারত, দোয়া ও মিলাদ মাহফিল।

এদিকে মহান বিজয় দিবস উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভা আজ বিকাল ৩টায় বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখবেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

জাতীয় পার্টি-জেপি’র কর্মসূচি :
মহান বিজয় দিবসে বীর মুক্তিযোদ্ধা ও দেশবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন জাতীয় পার্টি-জেপির চেয়ারম্যান আনোয়ার হোসেন মঞ্জু এমপি এবং দলের সাধারণ সম্পাদক শেখ শহীদুল ইসলাম।

দিবসটি উপলক্ষ্যে আজ সকাল সাড়ে ৬টায় জেপির কেন্দ্রীয় কার্যালয়সহ সব দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং সকাল ৮টায় সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ ও মুক্তিযুদ্ধে বীর শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। বাদ জোহর মসজিদে শহিদদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা করা হবে।

পতাকা বিক্রি করেই আত্মতৃপ্তি মিরাজের

জাতীয় পতাকা বিক্রি করেই সংসার চলে মিরাজ উদ্দিনের। তবে এই ব্যাবসা সবসময়ের জন্য নয়। বছরের বিশেষ বিশেষ দিবসেই কেবল পতাকা নিয়ে বের হন দেশের বিভিন্ন জেলায়। পায়ে হেটে হেটে বিক্রি করেন এই পতাকা। তবে মানুষের হাতে জাতীয় পতাকা তুলে দিেতে পেরে নিজেকে ধন্য মনে করেন তিনি।

আগামীকাল বিজয় দিবস। ডিসেম্বরের এই বিজয় দিবসকে সামনে রেখে তিনি মাসখানেক আগে বাড়ী থেকে বেরিয়ে পড়েছেন পতাকা বিক্রি করতে।

বিজয় দিবসটিতে একটি বিশেষ মর্যাদা পায় জাতীয় পতাকা। সেই জাতীয় পতাকার যোগান দিতে নানা বয়সী মানুষের কাছে বিক্রি করেন বিভিন্ন সাইজের পতাকা।

সোমবার বিকেলে কুষ্টিয়া শহরের বঙ্গবন্ধু ভাষ্কর্য চত্বরে দেখা মিললো পতাকা বিক্রেতা মিরাজের সাথে। তার পৃুরো নাম মিরাজ উদ্দিন। মাদারীপুর জেলার শিবচর থানার চরকামারকান্দী এলাকার বাসিন্দা তিনি। পেশায় শ্রমিক হলেও বছরের বিজয় দিবস ও স্বাধীনতা দিবেস তিনি এই জাতীয় পতাকা বিক্রি করতে বের হন।

বাঁশের সঙ্গে বিভিন্ন সাইজের পাতাকা লাগিয়ে তিনি ঘুরে বেড়ান। কাঁধে থাকে একটি ব্যাগ। এর মধ্যেই থাকে বিভিন্ন সাইজ ও মানের পতাকা। সাইজ ও মানভেদে এসব পতাকার দামেও রয়েছে ভিন্নতা। একটি জাতীয় পতাকা ২০ টাকা থেকে শুরু করে দুইশ টাকা পর্যন্ত বিক্রি হয়ে থাকে।

পতাকা কিনছিলেন বিপুল হোসেন নামের এক ব্যবসায়ী। তিনি বলেন, বিজয় দিবসে আমার প্রতিষ্ঠানে নতুন পতাকা উত্তোলন করবো বলে দেড়শ টাকা দিয়ে একটা পতাকা কিনলাম। তাছাড়া পতাকা মানেই তো লাল সুবজের বাংলাদেশ।

তিনি বলেন, বিজয় দিবস ও স্বাধীনতা দিবসের আগে একমাস দেশের বিভিন্ন জেলায় গিয়ে পতাকা বিক্রি করি।

এবার কুষ্টিয়া শহরের একটি আবাসিক হোটেলে আমি একটা রুমে উঠেছি।

দৈনিক ২শ টাকা করে দিতে হয়। প্রতিদিন শহরের বিভিন্ন এলাকায় পায়ে হেটে হেটে এই পতাকা বিক্রি করি। এতে করে দিনশেষে ৪ থেকে ৫শ টাকা লাভ হয় বলেও জানান তিনি।

তিনি বলেন, জাতীয় পতাকা বিক্রি করে আত্মতৃপ্তিতে আমার মন ভরে যায়।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।

জীবননগরে সোনালী ব্যাংক ছিনতাই ঘটনায় চার জন আটক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী সোনালী ব্যাংক থেকে দিনেদুপুরে ব্যাংক কর্মকরা-কর্মচারীদের জিম্মি করে নগদ টাকা ছিনতাইয়ের ঘটনায় জড়িত চার ছিনতাইকারীকে আটক করেছে পুলিশ।

গত সোমবার রাতভর অভিযান চালিয়ে এদের আটক করা হয়। এসময় ছিনতাই হওয়া টাকার মধ্যে পাঁচ লাখ তিন হাজার টাকা এবং ছিনতাইয়ের কাজে ব্যবহৃত অস্ত্র ও মালামাল উদ্ধার করা হয়।

আজ মঙ্গলবার বিকেল ৩টার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়।

আটককৃতরা হলেন, জীবননগর উপজেলার দেহাটী গ্রামের রফিক উদ্দিনের ছেলে সাফাতুজ্জামান রাসেল (৩০), মৃত আক্তারুজ্জামান বাচ্চুর ছেলে মো. রকি (২৩), মফিজুল শাহ’র ছেলে মাহাফুজ আহম্মেদ আকাশ (১৯) ও সেকেন্দার মন্ডলের ছেলে মো. হাবিবুর (২০)।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম জানান, চলতি বছরের ১৫ নভেম্বর দুপুরে সোনালী ব্যাংকের উথলী শাখায় ছিনতাইয়ের ঘটনা ঘটে। এ ঘটনার এক মাসের মাথায় ঘটনার সাথে জড়িত চার আসামীকে আটক করা হয়।

এসময় ছিনতাই হওয়া আট লাখ ৮২ হাজার ৯০০ টাকার মধ্যে পাঁচ লাখ তিন হাজার টাকা, ছিনতাইয়ের কাজে ব্যবহৃত দুটি খেলনা পিস্তল, দুটি চাপাতি, দুটি মোটর সাইকেল ও ছিনতাইয়ের টাকায় কেনা একটি ল্যাপটপ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, ভারতীয় সিরিয়াল ক্রাইম পেট্রোল দেখে এই ছিনতাইয়ে জড়িত হয়েছে। পাশাপাশি জেলার সকল সরকারী ব্যাংকে সিসিটিভি লাগানোর জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য, গত ১৫ নভেম্বর চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় সোনালী ব্যাংক উথলী শাখায় অস্ত্রধারী দুর্বৃত্তরা দুপুরে হেলমেট ও পিপিই পরে তিনজন গ্রাহক পরিচয়ে ব্যাংকে ঢুকে অস্ত্রের মুখে প্রহরী, কর্মকর্তা ও কর্মচারীদের জিম্মি করে ক্যাশ কাউন্টার থেকে প্রায় ৯ লাখ টাকা লুট করে পালিয়ে যান।

আলমডাঙ্গায় সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে সাহিত্য কণ্ঠ, সাহিত্য পত্রিকার মোড়ক উন্মোচন ও আলোচনা অনুষ্টিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন সাহিত্য পরিষদের সহ-সভাপতি ও সম্পাদক মন্ডলির সদস্য হামিদুল ইসলাম আজম।

পত্রিকার মোড়ক উন্মোচন করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হেসেন।

আজ বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে, পত্রিকার মোড়ক উন্মোচনী সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির,ওসি আলমগীর কবির,মুক্তিযোদ্ধের সংগঠক ডাঃশাহাবুদ্দিন,সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার,মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন,কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা,উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ,মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি,

উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,বিআর ডিবি কর্মকর্তা শায়লা সারমিন,সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন,উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মজিবর রহমান,প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

মৎস সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার,খাদ্য পরিদর্শক রাকিবুল ইসলাম,সমবায় কর্মকর্তা মজিবর রহমান,কবি হাবিবুর রহমান

মজুমদার,মহিলা,কবি গোলাম রহমান চৌধুরি,কবি জামিরুল ইসলাম,কবি ইউনুছ আলী,কবি মিজান,কবি নাহিদ,কবি সলক প্রমুখ

কালীগঞ্জে মহিলা মাদক ব্যবসায়ী সহ আটক ২

ঝিনাইদহের কালীগঞ্জ থানা পুলিশ অভিযান চালিয়ে মহিলা ইয়াবা ব্যাবসায়ীসহ দু’জনকে আটক করেছে। মঙ্গলবার বেলা ১১ টার সময় কালীগঞ্জ কলাহাটা মোড়ের জামাল উদ্দীনের বাড়ি থেকে লাইজু খাতুন
(২৪) ও সাইফুল ইসলাম (১৯) নামে দুইজন কে

আটক করা হয়। আটককৃত লাইজু খাতুন কালীগঞ্জ আড়পাড়া মাঠ পাড়া গ্রামের আঃ মাজেদের স্ত্রী ও সাইফুল ইসলাম ভোলা জেলার শশিভূষণ থানার জাহানপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে।মাদক ব্যাবসায়ী দুইজন দীর্ঘদিন জামালের বাড়ি ভাড়া নিয়ে মাদক ব্যাবসা চালিয়ে যাচ্ছিলো বলে এলাকা বাসি জানান। কালীগঞ্জ থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালিয়ে বাড়ির বেডরুম থেকে ৬৬ পিচ ইয়াবা ও ইয়াবা

বিক্রির নগদ ৫হাজার ৫শ টাকা উদ্ধার করে। কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহফুজুর রহমান মিয়া জানান, কালীগঞ্জকে মাদক মুক্ত করার লক্ষে অভিযান পরিচালনা করা হচ্ছে। তারই লক্ষে আজ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে মহিলা মাদক ব্যবসায়ীসহ দু’জন ইয়াবা ব্যাবসায়ীকে আটক করা হয়েছে। আদালতের মাধ্যমে তাদেরকে জেল হাজতে পাঠানো হবে।

মেহেরপুর যুব অধিদপ্তরে জনসচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত

মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে তাদের সম্মেলন কক্ষে আজ দিনব্যাপি ’জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও মাদকবিরোধী কর্মকান্ডে নৈতিকতার অবক্ষয় ও বিপথগামিতা রোধকল্পে যুবদের ভ’মিকা’ শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক ফিরোজ আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কুমার পাল।

রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ-আল মামুন ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক রফিকুল আলম।

প্রতিষ্ঠানের কম্পিউটার প্রশিক্ষক মাসুদ আল আহসানের পরিচালনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি কোÑঅর্ডিনেটর লক্ষণ বাহাদুর সহ যুব উন্নয়ন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, নিবন্ধিত বিভিন্ন বেসরকারী যুব সংগঠনের সদস্যবৃন্দ ও বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণরত প্রায় ৭০ জন যুব ও যুবনারী।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, অভিভাবকগণ সচেতন হলেই এবং ধর্মীয় অনুশাষনগুলো ভালো ভাবে মেনে চললেই “জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও মাদকাশক্ত নিয়ন্ত্রণ করা সম্ভব হবে”।

রিসোর্স পার্সন সাংবাদিক রফিকুল আলম তাঁর বক্তব্যে বলেন যুব সমাজই জাতির কান্ডারী কাজেই তাদেরকে সঠিক ভাবে পরিচালনা করতে পারলেই দেশ ও জাতির উন্নয়ন সম্ভব। বিধায় শুধু অভিভাবকগণ সচেতন হলেই হবে না পাশাপাশি সমাজের সচেতন নাগরিকদের এ ব্যাপারে ভ’মিকা রাখতে হবে। জেলা তথ্য অফিসার মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে জঙ্গিবাদ ও মাদকের কুলফ তুলে ধরেন এবং বেশ কয়েক ফিল্ম প্রদর্শন করেন।

ঝিনাইদহে আইনজীবীদের আদালত বর্জন

বিচারকের বিরুদ্ধে দেরীতে আদালতের কার্যক্রম শুরু, আইনজীবীদের সাথে অসদাচারণ, আইনজীবী সমিতির প্রতি অবজ্ঞা প্রদর্শন, প্রকাশ্য আদালতে আদেশ দিয়ে তা নথিভুক্ত না করে আসামীকে রিমান্ডে পাঠানোসহ নানা অভিযোগে অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত বর্জন করেছে ঝিনাইদহের আইনজীবীরা।

সোমবার রাতে আইনজীবী সমিতির পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ১৪ নভেম্বর পর্যন্ত ১৭ নভেম্বর পর্যন্ত তাদের এই কর্মসূচী চলবে। সেই সাথে অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বৈজয়ন্ত বিশ্বাসের অপসারণ দাবী করেছেন।

জেলা আইনজীবী সমিতির সভাপতি খান আখতারুজ্জামন ও সাধারণ সম্পাদক এ্যাড. জাকারিয়া মিলন স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জেলা আইনজীবী সমিতির নেতৃবৃন্দের সাথে সম্মান জনক আচরণ করেন না। মামলার আদেশ না নিয়ে পরে দিব বলে তার বিপক্ষে রায় দেন। আইনজীবীদের সাথে যথাযথ আচরণ করেন না ওই দুই বিচারক। এছাড়াও নির্দিষ্ট সময়ে আদালতের বিচার কার্যক্রম শুরু করা হয় না। এতে আইনজীবী ও বিচার প্রার্থীরা ভোগান্তির শিকার হয়।

আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এ্যাড. জাকারিয়া মিলনের সাথে মোবাইলে কথা হলে তিনি বলেন, ২ বিচারকের বিরুদ্ধে অভিযোগ থাকলেও আপাতত আমরা অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট’র আদালত বর্জন করেছি। তার অপসারণ দাবী করছি। গত ১০ ডিসেম্বর এ সিন্ধান্ত গ্রহণ করা হলেও সোমবার থেকে এ কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে।